মুজিবনগরে জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতি সভা

মুজিবনগরে ৫ ই আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক -দিবস- ২০২৩ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা করেছে উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, সহকারী কমিশনার ভূমি নাজমুস সাকিব, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলমসহ উপজেলার বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সুশিল সমাজের প্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ সাংবাদিক ও উপজেলার কর্মকর্তা কর্মচারীবৃন্ধ উপস্থিত ছিলেন।

সভায় ৫ ই আগষ্ট ও ১৫ ই আগষ্ট এই দুটি দিবস পালন উপলক্ষে বিভিন্ন কার্যক্রম গ্রহনের বিষয়ে সিন্ধান্ত গ্রহন করা হয়।

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন

মুজিবনগরে যথাযথ মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে সোমবার (১৫ আগষ্ট) সকাল সাড়ে ৮ টায় মুজিবনগর

মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন করেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর থানা ইনচার্জ মেহেদি রাসেল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টু, উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দ, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা অ্যাডভোকেট রুত শোভা মন্ডল, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন, উপজেলা শ্রমিক লীগের সভাপতি আবুল কালাম আজাদ, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব, সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি দোলন, উপজেলা ছাত্রলীগের সভাপতি শেখ হেলাল উদ্দিন লাবলু,উপজেলা ইয়ুথ বাংলা ফিউচার লিডার এর আহবায়ক হাসানুজ্জামান লালটু।

সময় আওয়ামীলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, শ্রমিক লীগ, কৃষক লীগ, ছাত্রলীগ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

পুষ্পস্তবক অর্পণ শেষে মুজিবনগর উপজেলা অডিটোরিয়ামে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে এবং উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রবের সঞ্চালনায়, বঙ্গবন্ধু আদর্শ এবং তার জীবনী নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা শেষে জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে যুবঋণ বিতরণ করা হয়।

জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

সোমবার দুপুরের দিকে মেহেরপুর শহরের হালদারপাড়ায় নিজস্ব কার্যালয়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করেন তারা। আলোচনা সভায় মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি নুরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রিফাত জাহান।

মেহেরপুর জেলা সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সহ-সভাপতি রমজান আলী, যুগ্ন সাধারন সম্পাদক ফকির মাহমুদ, কোষাধক্ষ্য আব্দুর রহমান, যুগ্নু কোষাধ্যক্ষ ইব্রাহিম প্রমুখো সেখানে বক্তব্য রাখেন। পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৫ ই আগস্ট সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনাই সেখানে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

১৫ আগষ্টে গাংনী থানা পুলিশের

শ্রদ্ধা নিবেদন

১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থাপতি, মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবসে গাংনী থানা পুলিশের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পণ পূর্বক শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়েছে।

গাংনী উপজেলা পরিষদ চত্ত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পণ পূর্বক শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন তারা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দীসহ পুলিশের অন্যান্য কর্মকর্তা ও পুলিশ সদস্যরা সাথে ছিলেন।

পরে গাংনী থানা জামে মসজিদে মিলাদ মাহফিল ও দোয়ার আয়োজন করা হয়।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে ৭১ এর বীর মুক্তিযোদ্ধাদের বিভিন্ন আয়োজন

১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে মেহেরপুরে শ্রদ্ধাঞ্জলি, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেছে ৭১ এর বীর মুক্তিযোদ্ধাবৃন্দ।

আজ সোমবার সকাল ৮ টার দিকে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে তারা শ্রদ্ধা নিবেদন করেন। পরে জেলা পরিষদের হলরুমে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) মো: আব্দুল মালেকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, বীর মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ, বীর মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, ওমেদ উদ্দীন, চাঁদ আলী, বেগম সালেহা প্রমুখ।

এছাড়াও এসময় মুক্তিযোদ্ধা আব্দুস সাত্তার, আলী হোসেন, হায়দার আলী খান, মোফাজ্জল হোসেনসহ প্রায় ১০০ জন্য মুক্তিযোদ্ধাগণ উপস্থিত ছিলেন।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়।

মেহেরপুরে জাতীয় শোক দিবস পালিত

নানা কর্মসূচীর মধ্য দিয়ে মেহেরপুরে পালিত হয়েছে জাতীয় শোক দিবস।

দিবসটি উপলক্ষে সোমবার সকাল সাড়ে ৯ টার সময় জেলা প্রশাসকের কার্যালয়ে সামনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ও জেলা প্রশাসনের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান ও পুলিশ সুপার রাফিউল আলম।

জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম. এ খালেক, সহসভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীনসহ আওয়ামী লীগের নেতা-কর্মীরা।

এছাড়াও এসময় মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, স্থানীয়

সরকার বিভাগের উপপরিচালক (ডিডি) মৃধা মো: মুজাহিদুল ইসলাম, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, নাজমুল হুদা, আশরাফুজ্জামান ভূঁইয়া, মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমুখ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এরপর একে একে আওয়ামী লীগ ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ, বিভিন্ন সরকারি-বেসরকারী প্রতিষ্ঠান, স্কুল কলেজ, সাংস্কৃতিক সংগঠন সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়।

এছাড়া দিবসটি ঘিরে দিনব্যাপী স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, শিক্ষা প্রতিষ্ঠানে আলেচনা সভা, ধর্মীয় প্রতিষ্ঠানে দোয়া মোনাজাতের আয়োজন করা হয়েছে।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া

১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও দোয়ার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে আলোচনা সভায় ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ

হোসেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা পুলিশ সুপার রাফিউল আলম।

স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ডিডি) মৃধা মো: মুজাহিদুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল,পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস,বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি হাসানুজ্জামান মালেক প্রমুখ।

আলোচনার পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়।

পরে জাতীয় শোক দিবস উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

জাতীয় শোক দিবস উপলক্ষে মেহেরপুর জেলা পরিষদের বিভিন্ন আয়োজন

১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে মেহেরপুর জেলা পরিষদ উদ্যোগে শ্রদ্ধাঞ্জলি নিবেদন, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেছে।

আজ সোমবার দুপুর ১২ টার দিকে মেহেরপুর জেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা ও দোয়ার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুলের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা মীর আলিফ রেজা,সহকারী প্রকৌশলী মজিবুর রহমান, জেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য ও জেলা মহিলা আওয়ামীলীগের সভাপতি শামীম আরা হীরা, জেলা পরিষদ প্রশাসকের উচ্চমান সহকারী শাহীন ইকবাল, জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলী,মোঃ মুনছুর আলী,মোঃ আইয়ুব

আলী,মোঃ তোফাজ্জেল হক,মোঃ তৌহিদ মুর্শেদ অতুল, মোঃ মজিরুল ইসলাম,মোঃ শওকত আলী প্রমুখ।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়।

আমঝুপিতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে যথাযথ মর্যাদায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। আজ সোমবার সকালে আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয়ের সামনে জাতীয় পতাকা, শোক পতাকা এবং দলীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে দিবসটির সূচনা করা হয়।

পতাকা উত্তোলন করেন বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ (চুন্নু)।

এসময় আরও উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনোয়ার সাদা, ৪নং ওয়ার্ডের সভাপতি আসাদুল হক মুন্টু, সাধারন সম্পাদক খাইরুজ্জামান টুটুল, ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য মকবুল হোসেন, ৮ নং ওয়ার্ডের ইউপি সদস্য আব্দুল মজিদ, ৮নং ওয়ার্ডের সভাপতি কিতাব আলী,আওয়ামী লীগ নেতা জাকির হোসেন টরি,ফারুক হোসেন, প্রফেসর সাইদুরর হমান, সাবেক ইউপি সদস্য আলফাজ হোসেন।

পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথির নেতৃত্বে আওয়ামী লীগের দলীয় কার্যালয়ের সামনে থেকে শোক র্যালী বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক গুলো প্রদক্ষিণ করে দলীয় কার্যলয়ের সামনে শেষ হয়। এবং কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

এছাড়াও আমঝুপি মাধ্যামিক বালিকা বিদ্যালয় সূর্যদয়ের সাথে সাথে জাতীয় পতাকা ও শোক পতাকা উত্তোলন করেন ভারপ্রাপ্ত প্রধান

শিক্ষক হাফিজুজ্জামান। আমঝুপি মাধ্যমিক বিদ্যলয়ে পতাকা উত্তোলন করেন প্রধান শিক্ষক আহম্মেদ আলী। আমঝুপি আলিম মাদরাসা পতাকা উত্তোলন করেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শরিফুল ইসলাম।

দিবসটি যথাযথ পালন উপলক্ষ্যে আমঝুপি মাধ্যামিক বালিকা বিদ্যলয়ে হামদ নাথ, দেয়াল লেখনি, বঙ্গবন্ধু জীবনীর উপর আবৃতি কবিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যলয়ের সভাপতি বোরহান উদ্দিন আহম্মেদ চুন্নু। এসময় বঙ্গবন্ধু এর জীবনী নিয়ে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারি শিক্ষক আবুল হাসান, হাবিবুর রহমান, বশির আহমেদ, রাফিউল ইসলাম, আশাদুল হক,আলহাজ, শাহানাজ খাতুন,নার্গিস চোধুরি, শাহিদা বানু।

গাংনীতে জাতীয় শোক দিবস পালনে প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা আওয়ামী লীগ।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজামান খোকন।

গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগ নেতা গোলাম মোস্তফা ও মনিরুজ্জামান মনিসহ আওয়ামী লীগের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ ও জনপ্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন।

যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, শোক র্যালী, মিলাদ মাহফিল ও কাঙালী ভোজ বিতরণ করা হবে।